

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭০২

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৭. গণীমতের মাল আত্মসাত করা মহা - অপরাধ।

باب فِي تَعْظِيمِ الْغُلُولِ

আরবী

বাংলা

২৭০২. আল-কা'নবী (রহঃ) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমরা খায়বরের যুদ্ধে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে বের হয়েছিলাম। আমরা গণীমতের মাল হিসাবে সোনা-রূপা পাইনি, তবে কাপড়, আসবাপত্র ও অন্যান্য মালপত্র প্রাপ্ত হই।

রাবী বলেনঃ এরপর সেখান হতে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'ওয়াদী-উল-কুরা' নামক স্থানের দিকে গমণ করেন। তখন তাঁকে একটি হাবশী গোলাম হাদিয়া দেওয়া হয়, যার নাম ছিল 'মিদ'আম'। আমরা ওয়াদী-উল-কুরাতে পেঁছানোর পর মিদ'আম রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উটের পালান নামাতে শুরু করে। ইত্যবসরে একটি তীর এসে তার গায়ে লাগে এবং সে মারা যায়। লোকেরা বলতে থাকে যে, মুবারক হোক, তারই জন্য জান্নাত।



তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কখনই নয়। ঐ সাত্তার শপথ, যাঁর হাতে আমার প্রাণ, ঐ কম্বল, যা সে খায়বর যুদ্ধের গণীমতের মাল বন্টনের আগে আত্মসাৎ করেছিল, তা তার উপর আগুন হয়ে জ্বলছে। এরপর তারা যখন এ কথা শুনলো, তখন জনৈক ব্যক্তি একটা বা দুটো ফিতা নিয়ে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আসলো। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এ হলো জাহান্নামের আগুনের তৈরী একটা ফিতা। অথবা তিনি বলেনঃ এ হলো জাহান্নামের আগুনের তৈরী দুটি ফিতা।

English

Abu Hurairah said "We went out along with the Apostle of Allaah(*) in the year of Khaibar. We did not get gold or silver in the booty of war except clothes, equipment and property. The Apostle of Allaah(*) sent (a detachment) towards Wadi Al Qura. The Apostle of Allaah(*) was presented a black slave called Mid'am. And while they were in Wadi Al Qura and Mid'am was unsaddling a Camel belonging to the Apostle of Allaah(*) he was struck by a random arrow which killed him. The people said "Congratulations to him, he will go to paradise. But the Apostle of Allaah(*) said "Not at all. By Him in Whose hand my soul is the cloak he took on the day of Khaibar from the spoils which was not among the shares divided will blaze with fire upon him. When they (the people) heard that, a man brought a sandal strap or two sandal straps to the Apostle of Allaah(*). The Apostle of Allaah(*) said "A sandal strap of fire or two sandal straps of fire."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন